**সংশোধিত**

বাংলাদেশ নির্বাচন কমিশন
সিনিয়র জেলা নির্বাচন অফিসারের কার্যালয়
সিলেট
www.ecs.gov.bd

## ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে মনোনয়নপত্র দাখিলকারীগণের জন্য প্রয়োজনীয় তথ্যাদি (খসড়া)

| নির্বাচনী এলাকার নম্বর ও নাম | মোট ভোটার সংখ্যা | ইউনিয়ন,সিটিকর্পোরেশন/পৌরসভার ওয়ার্ড সংখ্যাসহ | ছবিছাড়া ভোটার তালিকার সিডির মূল্য (নির্বাচনী এলাকার আওতাধীন প্রতি ইউনিয়ন ৫০০/- টাকা হারে সিটিকর্পোরেশ / পৌরসভার প্রতি ওয়ার্ডের জন্য ৫০০/-) | জামানতের পরিমাণ (টাকা) | নির্বাচনী এলাকার মোট ভোটারের এক শতাংশ ভোটার সংখ্যা | আসনভিত্তিক নির্বাচনী ব্যয়ের পরিমাণ সর্বনিম্ন পশিচ লক্ষ বা প্রতি ভোটার ১০/- হিসেবে যেটি বেশি তার উর্দ্ধে নয়। |
|---|---|---|---|---|---|---|
| ২২৯ সিলেট- ১ | ৬৮০৯৪৩ | ৩৬ টি সিটি ওয়ার্ড ০১ টি ক্যান্টনমেন্ট বোর্ড ও ০৭ টি ইউনিয়র | ৪৪×৫০০ = ২২,০০০/- | ৫০,০০০/- | **৬৮০৯** | ৬৮,০৯,৪৩০/- |
| ২৩০ সিলেট- ২ | ৩৬৮৮৯৮ | ০১ টি পৌরসভা ও ১৬ টি ইউনিয়ন | ২৫×৫০০ = ১২,৫০০/- | ৫০,০০০/- | **৩৬৮৯** | ৩৬,৮৮,৯৮০/- |
| ২৩১ সিলেট- ৩ | ৪১৫৯৬৬ | ০৬ টি সিটি ওয়ার্ড ও ১৯ টি ইউনিয়ন | ২৫×৫০০ = ১২,৫০০/- | ৫০,০০০/- | **৪১৬০** | ৪১,৫৯,৬৬০/- |
| ২৩২ সিলেট- ৪ | ৫১২৯৩৩ | ২৫ টি ইউনিয়ন | ২৫×৫০০ = ১২,৫০০/- | ৫০,০০০/- | **৫১২৯** | ৫১,২৯,৩৩০/- |
| ২৩৩ সিলেট- ৫ | ৪২৮৭৪৬ | ০২ টি পৌরসভা ও ১৮ টি ইউনিয়ন | ৩৬×৫০০ = ১৮,০০০/- | ৫০,০০০/- | **৪২৮৭** | ৪২,৮৭,৪৬০/- |
| ২৩৪ সিলেট- ৬ | ৫০৯০৯১ | ০২ টি পৌরসভা ও ২১ টি ইউনিয়ন | ৩৯×৫০০ = ১৯,৫০০/- | ৫০,০০০/- | **৫০৯১** | ৫০,৯০,৯১০/- |

➢ **মনোনয়নপত্র সংগ্রহের পূর্বে করণীয়:**

১. **মনোনয়নপত্র সংগ্রহের সময় ভোটার তালিকার সিডি মূল্য বাবদ কোড ১০৬০১০১১০০১২৫-১৪২৩২৫৩" ইউনিয়ন প্রতি ৫০০/- টাকা হারে সিটিকর্পোরেশ / পৌরসভার প্রতি ওয়ার্ডের জন্য ৫০০/- সোনালী ব্যাংকে জমা দিয়ে চালানের মূল কপি উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়ে ভোটার তালিকা সিডি গ্রহণ করবেন এবং রিটার্নিং/সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয় হতে মনোনয়নপত্র গ্রহণ করবেন এবং মনোনয়নপত্রের সাথে চালানের ফটোকপি জমা দিবেন।**

২. জামানত হিসেবে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা রিটার্নিং অফিসারের অনুকুলে **"১০৯০৩০২১০১৪৪৩-৮১১৩৫০১"** কোডে সোনালী ব্যাংকে জমা দিয়ে চালানের মূল কপি মনোনয়নপত্রের সাথে জমা দিবেন।

➢ **মনোনয়নপত্র জমাদানের সময়- মনোনয়নপত্রের সাথে যে সকল কাগজপত্র বা দলিলাদি সংযুক্ত করতে হবেঃ**

১. প্রার্থীর সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি মনোনয়নপত্রের নির্দিষ্ট স্থানে স্টাপল করে ০১ কপি লাগাতে হবে এবং ০২ (দুই) কপি অতিরিক্ত ছবি জমা দিতে হবে।

২. মনোনয়নপত্রের সাথে সংযুক্ত হলফনামার নমুনা অনুযায়ী ৩০০/-টাকার নন-জুডিশিয়াল স্টাম্পে হলফনামা দাখিল করতে হবে।

৩. প্রার্থীকে ই.টি.আই.এন দেশে এবং বিদেশে (ETIN) সনদ এবং সর্বশেষ আয়কর পরিশোধের প্রত্যয়ণপত্র আয়কর রিটার্নের কপি ও সম্পদ বিবরনী (১০বি, ১০বি বি ফরম) এর সার্টিফাইড কপি মনোনয়নপত্রের সাথে জমা দিতে হবে।

৪. প্রার্থী, প্রস্তাবকারী ও সমর্থনকারীর ক্ষেত্রে তাদের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং প্রার্থী,প্রস্তাবকারী ও সমর্থনকারীর সংশ্লিষ্ট ভোটার তালিকায় নামের অংশের ফটোকপি মনোনয়নপত্রের সাথে জমা দিতে হবে।

৫. নির্বাচনী ব্যয় নির্বাহের জন্য যে কোন তফসীলি ব্যাংকে নতুন অ্যাকাউন্ট খুলতে হবে এবং মনোনয়নপত্রের সাথে ব্যাংকের নাম, শাখার নাম এবং অ্যাকাউন্ট নম্বর উল্লেখ করতে হবে। একাউন্ট খোলার ব্যাংক স্লিপ সাথে জমা দিতে হবে।

৬. হলফনামায় উল্লেখিত প্রার্থীর সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত অনুলিপি মনোনয়নপত্রের সাথে জমা দিতে হবে।

৭. দলীয় প্রার্থীদের ক্ষেত্রে দলীয় দলীয় প্রধান বা দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধির স্বাক্ষরিত মূলকপি মনোনয়নপত্রের সাথে জমা দিতে হবে।

৮. স্বতন্ত্র প্রার্থীদের ক্ষেত্রে ইতিপূর্বে জাতীয় সংসদ সদস্য হিসেবে নির্বাচিত হয়ে থাকলে প্রমানপত্র হিসাবে গেজেটের কপি। নির্বাচিত না হলে নির্বাচনী এলাকার ১% শতাংশ ভোটারের সমর্থনসূচক প্রমানপত্র (মনোনয়নপত্রের সাথে সংযুক্তি-৩ অনুযায়ী প্রতি পৃষ্ঠায় প্রার্থী কর্তৃক করে) দাখিল করতে হবে।

৯. রাজনৈতিক দলের প্রার্থী হলে মনোনয়নপত্রে দলীয় প্রতীকের নাম লিখতে হবে এবং স্বতন্ত্র হলে একটি মাত্র প্রতীক লিখতে হবে।

১০. নির্বাচনী ব্যয় নির্বাহের জন্য অর্থ প্রাপ্তির সম্ভাব্য উৎসের বিবরণী (ফরম-২০) পুরনকরে অবশ্যই মনোনয়নপত্রের সাথে জমা দিতে হবে।

১১. মনোনয়ন ফরমসহ অন্যান্য সকল কাগজপত্র মুলকপি এবং সকল কাগজপত্র A4 সাইজে ফটোকপি করে অতিরিক্ত আরো ০৩ (তিন) সেট সত্যায়িত করে রিটার্নিং অফিসার/ সহকারী রিটার্নিং অফিসারের নিকট নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে।

১২. প্রার্থীর বাবা, মা, স্বামী/স্ত্রীর নাম ইংরেজি নামের বানান সাদা কাগজে লিখে মনোনয়নপত্রের সাথে জমা দিতে হবে।

১৩. **মনোনয়নপত্র দাখিলের দিনের পূর্বে সরকারি টেলিফোন, গ্যাস, বিদ্যুৎ, পানি বা অন্য কোন সেবা প্রদানকারী সংস্থার বিল পরিশোধ করতে হবে।**

১৪. **প্রার্থী/দল কর্তৃক আচরণবিধি মেনে চলার অঙ্গিকারনামা: (ক) রাজনৈতিক দল কর্তৃক মনোনীত প্রার্থী উক্ত বিধির ২৯ অনুযায়ী দলীয় প্যাডে দল কর্তৃক প্রদত্ত তফসিল -১ (পরিশিষ্ট ঙ) এ বর্ণিত অঙ্গিকারনামা মনোনয়নপত্রের সাথে দাখিল করবেন। একই সাথে বিধি ৩০ অনুযায়ী তফসিল-২ (পরিশিষ্ট চ) এ বর্ণিত অঙ্গিকারনামা ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিসিয়াল ষ্টাম্পে মনোনয়নপত্রের সাথে দাখিল করবেন।**

১৫. **স্বতন্ত্র প্রার্থী উক্ত বিধির ৩০ অনুযায়ী তফসিল-২ (পরিশিষ্ট-চ) এ বর্ণিত অঙ্গিকারনামা ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিসিয়াল ষ্টাম্পে মনোনয়পত্রের সাথে দাখিল করবেন।**

১৬. মনোনয়নপত্র দাখিলকারীর নাম, পিতা,মাতা ও স্ত্রীর নাম ইংরেজী বড়হাতের অক্ষরে ও ১৭ ডিজিটের এনআইডি নং নিম্ন টেবিল অনুযায়ী আলাদা কাগজে দাখিল করতে হবে:

| মনোনয়নপত্র দাখিলকারীগণের পূর্ণ নাম বাংলা ও ইংরেজিতে | পিতার নাম (বাংলা ও English) | মাতার নাম (বাংলা ও English) | স্ত্রীর নাম বাংলা ও English) (প্রযোজ্য ক্ষেত্রে) | জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর | | জন্ম তারিখ | করদাতা সনাক্তকরণ সংখ্যা TIN | ঠিকানা | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ১০ digit সম্বলিত | ১৭ Digit সম্বলিত | | | স্থায়ী | বর্তমান |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |